

প্রতিষ্ঠানের প্রোফাইল আপডেট করার জন্য স্ট্যান্ডার্ড অপারেটিং প্রক্রিয়া (SOP) নির্দেশিকা

১. সরকারি স্বীকৃতি বা অনুমোদন

সমস্ত অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে WBBSE, WBCHSE, DME, NCVT অথবা অন্য কোনো উপযুক্ত সরকারি কর্তৃপক্ষের দ্বারা স্বীকৃত বা অনুমোদিত হতে হবে। যথাযথ অনুমোদন ছাড়া কোনো প্রতিষ্ঠান 'ঐক্যশ্রী' প্রকল্পের অন্তর্ভুক্তির জন্য যোগ্য হবে না।

২. ইনস্টিটিউশনাল কোড সহ বাধ্যতামূলক রেজিস্ট্রেশন

যেসব প্রতিষ্ঠানের AISHE / DISE / NCVT বা সমতুল্য কোনো কোড নেই, তাদের অবশ্যই:

- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে প্রযোজ্য ইনস্টিটিউশনাল কোড সংগ্রহ করতে হবে।
- কোড প্রাপ্তির পর ঐক্যশ্রী পোর্টালে পুনরায় রেজিস্ট্রেশন করতে হবে।

৩. NOC-এর প্রয়োজনীয়তা ও বৈধতা

WBBSE, DME ইত্যাদি কর্তৃপক্ষের NOC (No Objection Certificate) এর অধীনে পরিচালিত প্রতিষ্ঠানগুলোকে:

- পোর্টালে NOC ডকুমেন্ট আপলোড করতে হবে।
- NOC-এর বৈধতার সময়কাল (থেকে — পর্যন্ত —) নির্দিষ্ট স্থানে প্রবেশ করতে হবে।
- মেয়াদোত্তীর্ণ NOC সময়মতো নবায়ন করতে হবে।

৪. বোনাফাইড স্ট্যাটাস নিশ্চিতকরণ

জেলা কর্তৃপক্ষকে নিশ্চিত করতে হবে যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি তাদের অধিক্ষেত্রে একটি বৈধ শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হচ্ছে। এই নিশ্চয়তা প্রোফাইল অনুমোদনের একটি বাধ্যতামূলক অংশ।

৫. আপডেটেড ইনস্টিটিউশনাল তথ্য সংগ্রহ

প্রতিটি প্রতিষ্ঠানের জন্য জেলার পক্ষ থেকে নিম্নলিখিত তথ্য সংগ্রহ ও আপডেট করতে হবে:

- প্রতিষ্ঠান প্রধান ও নোডাল শিক্ষকের ইমেল আইডি, ফটো আইডি, আধার সংযুক্ত মোবাইল নম্বর।
 - প্রতিষ্ঠান সম্পর্কিত অন্যান্য প্রোফাইল সংক্রান্ত তথ্য।
- এই তথ্যসমূহ নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী পোর্টালে আপডেট করতে হবে।

৬. শিক্ষার্থীদের ভর্তির বিবরণ

প্রতিষ্ঠানকে পোর্টালে নিম্নলিখিত ঘরগুলি যথাযথভাবে পূরণ করতে হবে:

- ভর্তি হওয়া মোট শিক্ষার্থীর সংখ্যা: _____
- সংখ্যালঘু শিক্ষার্থীর সংখ্যা: _____
- অসংখ্যালঘু শিক্ষার্থীর সংখ্যা: _____

৭. নতুন কোর্স সংযোজন

যদি কোনো প্রতিষ্ঠান নতুন কোর্স চালু করে, তাহলে নিম্নলিখিত পদক্ষেপ নিতে হবে:

- প্রতিষ্ঠানকে নতুন কোর্সের বিবরণ পোর্টালের নির্ধারিত স্থানে প্রবেশ করতে হবে।
- নতুন কোর্স সম্পর্কিত সহায়ক ডকুমেন্ট আপলোড করতে হবে।
- জেলা কর্তৃপক্ষ যাচাই করে নতুন কোর্স অনুমোদন করবে।

এই SOP নির্দেশিকাগুলি অবশ্যই প্রতিষ্ঠান ও জেলা কর্তৃপক্ষ উভয়ের দ্বারাই কঠোরভাবে অনুসরণ করতে হবে, যাতে ঐক্যশ্রী ক্লারশিপ বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা, যথার্থতা ও দায়বদ্ধতা বজায় থাকে।